

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

ঢাকা, ০১লা পৌষ, ১৪০৫ বাৎ/ ১৪ই জানুয়ারী, ১৯৯৯ ইং

এস.আর.ও নং-১৪-আইন/৯৯/১৯৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাৎ মোতাবেক ১১ই জুন, ১৯৯৮ ইং তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং-১২৪-আইন/৯৮/১৮৫-মূসক রহিতক্রমে, নিম্নবর্ণিত টেবিলের কলাম (১) ও (২) এ উল্লিখিত Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর শিরনামা সংখ্যা সমূহ (Heading No.) এবং উহাদের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড সমূহ (H.S.Code) এর অধীন এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত বাংলাদেশে সরবরাহকৃত পণ্যসমূহকে, উৎপাদন পর্যায়ে, উহাদের উপর মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর তৃতীয় তফসিলে বর্ণিত আরোপণীয় সম্পূরক শুল্ক যে পরিমাণে উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৪) এ উল্লিখিত হারের অতিরিক্ত হয়, সেই পরিমাণ সম্পূরক শুল্ক হইতে অব্যাহতি প্রদান করিল, যথাঃ-

টেবিল

শিরনামা সংখ্যা (Heading No)	সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্য সামগ্রীর বিবরণ	সম্পূরক শুল্কহার (%)
(১)	(২)	(৩)	(৪)

২৪.০২ ২৪০২.২০.০০ তামাকের তৈরী সিগারেট

প্রতি দশ শলাকা সিগারেটের বিক্রয় মূল্য (প্যাকেটের গায়ে খুচরা বিক্রয় মূল্য ও সিগারেটের সংখ্যা সুস্পষ্ট, লক্ষণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত থাকার শর্তে) —

- | | |
|---|----|
| (১) দুই টাকা পঞ্চাশ পয়সা হইতে দুই টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৩২ |
| (২) তিন টাকা হইতে নয় টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৪৯ |
| (৩) দশ টাকা হইতে উনিশ টাকা নিরানব্বই পয়সা পর্যন্ত | ৫০ |

- (৪) বিশ টাকা হইতে চব্বিশ টাকা ৫১
 নিরানব্বই পয়সা পর্যন্ত
- (৫) পঁচিশ টাকা হইতে চৌত্রিশ টাকা ৫২
 নিরানব্বই পয়সা পর্যন্ত
- (৬) পঁয়ত্রিশ টাকা বা ততোধিক ৫৩

২৭.১১ ২৭১১.২১.০০ প্রাকৃতিক গ্যাস ৯৩.২৪

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

[কাজী আনোয়ার হুসেইন]
 অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)